মামলাকারী কুণাল চক্রবর্তীর আইনজীবী দীপ্তাংশু কর সংবাদমাধ্যমকে জানিয়েছেন, ‘‘বিধাননগর, নিউটাউনসহ কলকাতায় যত্রতত্র বিজ্ঞাপন নিয়ে আগেও মামলা দায়ের হয়েছিল হাইকোর্টে। আদালত ওই সমস্ত বেআইনি বিজ্ঞাপন খুলে ফেলার নির্দেশ দিয়েছিল। সেই মামলাও বিচারাধীন। তারপরও শহরের ‘হোর্ডিং’ রোগ সারছে না। যেখানে সেখানে হোর্ডিং নিয়ে সাধারণ মানুষকে সমস্যা পোহাতে হচ্ছে। তাই অবিলম্বে বেআইনি হোর্ডিং খুলতে, আদালতের হস্তক্ষেপ চেয়ে এই মামলা দায়ের করা হয়েছে।’’ হাইকোর্টে চত্বরে মামলা দাখিল করার পর আইনজীবী দীপ্তাংশু করের আরও দাবি, ‘‘কোনও অনুমতি, কোনও টেন্ডার ছাড়াই এই সমস্ত ‘হোডিং’ টাঙানো হয়েছে। এমনকি যাদের বাড়ির সামনে টাঙানো হয়েছে তাঁদের সাথেও কথা বলা হয়নি। তাই আদালত যাতে বৈধভাবে টেন্ডার করে ‘হোডিং’ টাঙানো হয়েছে কিনা তার নথি দেখুক।’’

# কনভেনশন যাদবপুরে

**নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ৩ এপ্রিল–** যাদবপুরের সংস্কৃতি চক্রে শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাকর্মী ও অবসরপ্রাপ্তদের নিয়ে শুক্রবার কনভেনশন হয়। এই কনভেনশনে বক্তব্য রাখেন সিপিআই(এম) নেতা সুজন চক্রবর্তী, যাদবপুর বিধানসভা কেন্দ্রের বামফ্রন্ট মনোনীত সিপিআই(এম) প্রার্থী বিকাশরঞ্জন ভট্টাচার্য, সৃজন ভট্টাচার্য। প্রারম্ভিক বক্তব্য রাখেন শিক্ষক সংগঠনের তরফে অনুপম রায়, পার্থপ্রতিম দত্ত। সভা পরিচালনা করেন বিষ্ণুপদ রায়।

# ঝাড়খণ্ডে পুকুরে ডুবে মৃত ৩ শিশু

**খুন্তি, ৩ এপ্রিল–** পুকুরে স্নান করতে গিয়ে ঝাড়খণ্ডে জলে ডুবে মৃত্যু হয়েছে তিন শিশুর। শুক্রবার পুলিশ এই খবর জানিয়েছে।

বৃহস্পতিবার খুন্তি জেলায় এই ঘটনা ঘটেছে। এদিন সন্ধ্যায় তিনটি শিশু মিলে সেখানে স্নান করতে নামে। তারপরই এই বিপত্তি ঘটে বলে জানিয়েছে পুলিশ। এই ঘটনায় প্রাণ হারিয়েছে একটি ৬বছরের শিশু এবং দুই ভাই। তাদের দু’জনের বয়স ৮ও ১০ বছর। পুকুরে শিশুদের দেহ ভাসতে দেখে এলাকাবাসীরা ছুটে আসে ঘটনাস্থলে। হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক। ইতিমধ্যে এই ঘটনাকে কেন্দ্র করে একটি মামলাও দায়ের করা হয়েছে। ওই শিশুদের পরিবারের সদস্যরা জানিয়েছেন, স্কুল থেকে ফেরার পথে শিশুরা বাড়ি না ফিরে ওই পুকুরে স্নান করতে গিয়েছিল।

—পিটিআই

## সোনা-রুপার দর

শুক্রবার বাজার বন্ধ হওয়ার আগে কলকাতায় সোনা-রূপার দর ছিল :

পাকা সোনার বাট (৯৯৫০) প্রতি ১০ গ্রাম – ১,৪৯,২০০ টাকা

পাকা সোনার বাট খুচরো (৯৯৫০) প্রতি ১০ গ্রাম – ১,৪৯,৯৫০ টাকা

হলমার্ক গোল্ড অর্নামেন্ট (৯১৬) প্রতি ১০ গ্রাম– ১,৪২,৫০০ টাকা

রুপার বাট কিলোগ্রাম– ২,৩৪,১০০

খুচরো রুপো কিলোগ্রাম– ২,৩৪,২০০

## আবহাওয়া

সাধারণত পরিষ্কার আকাশ। সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা যথাক্রমে ৩৭ ডিগ্রি এবং ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৩৬.০(+১.৪) এবং ২৬.২(+১.২) ডিগ্রি সেলসিয়াস। বাতাসের আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৮৭এবং ৪৯ ভাগ। বৃষ্টিপাতের পরিমাণ ০০০.০মিমি।

# শিয়ালদহে উদ্ধার কোটি টাকার পোস্ত

**নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ৩ এপ্রিল–** শিয়ালদহ স্টেশন থেকে উদ্ধার হলো কোটি টাকার পোস্ত। রাজ্য বিধানসভা নির্বাচনকে সামনে রেখে আদর্শ আচরণবিধি কার্যকর হওয়া থেকে স্থানীয় ও দূরপাল্লার ট্রেন ও রেল স্টেশন চত্বরের নজরদারি আরও জোরদার করেছিল রেলওয়ে সুরক্ষা বাহিনী (আরপিএফ)। বেআইনি কার্যকলাপ রুখতে নানান স্টেশন ও ট্রেনে আরপিএফ চালিয়ে যাচ্ছে খানাতল্লাশি। আর এই অভিযান চালাতে গিয়েই শিয়ালদহ স্টেশন থেকে ২ কোটি ১৮ লক্ষ ২২ হাজার ৬০০ টাকার পোস্ত বাজেয়াপ্ত হলো। এর পাশাপাশি ডালখোলা রেলস্টেশন থেকে ৪৫.৮ কিলোগ্রামের গাঁজা উদ্ধার হয়েছে।

আরপিএফ’র অ্যান্টি-ড্রাগিং টিম কাটিহার রেলস্টেশনে তল্লাশি চালিয়ে ২২.৫ কিলোগ্রাম গাঁজা উদ্ধার করেছে। উদ্ধার হওয়া গাঁজার আনুমানিক বাজারমূল্য ১১ লক্ষ ২৫ হাজার টাকা। এই গাঁজা পরিত্যক্ত অবস্থায় স্টেশন চত্বরে পড়েছিল বলে জানা গেছে। এই ঘটনায় পরবর্তী আইনি পদক্ষেপের জন্য উদ্ধার হওয়া গাঁজা কাটিহারের রেল পুলিশের (জিআরপি) হাতে তুলে দেওয়া হয়। অন্যদিকে, ডালখোলা রেলস্টেশনে ১২৫০৪ নম্বর ডাউন আগরতলা-এসএমভিটি বেঙ্গালুরু হামসফর এক্সপ্রেস থেকে ৪৫.৮ কিলোগ্রাম গাঁজা উদ্ধার করেছে আরপিএফ’র অ্যান্টি-ড্রাগিং টিম। সেখানে উদ্ধার হওয়া গাঁজার বাজারমূল্য ২২ লক্ষ ৯০ হাজার টাকা। এই ঘটনায় উদ্ধার হওয়া গাঁজা ডালখোলার জিআরপি’র হাতে তুলে দেওয়া হয়।

এরই পাশাপাশি শিয়ালদহ রেলস্টেশনে অভিযান চালিয়ে ২৫৮ বস্তা পোস্ত উদ্ধার হয়েছে। মোট ১৪,৫৪৮ কিলোগ্রামের ওজনের ওই বিপুল পরিমাণ পোস্তদানার বাজার দর কমপক্ষে ২ কোটি ১৮ লক্ষ ২২ হাজার ৬০০ টাকা। বাজেয়াপ্ত হওয়া পোস্ত শুল্ক দপ্তরের হাতে তুলে দেওয়া হয়েছে বলে আরপিএফ সূত্রে জানা গেছে। বিধানসভা নির্বাচনের আগে আদর্শ আচরণবিধি কার্যকর হওয়ার পর বেআইনি পণ্য পাচার রুখতে রোজই আরপিএফ’র তরফে চালানো হচ্ছে অভিযান। অনেক কিছু বাজেয়াপ্ত হলো খোদ শিয়ালদহ স্টেশনে ২ কোটি টাকার বেশি মূল্যের পোস্ত উদ্ধার হওয়াটা রেলওয়ে সুরক্ষা বাহিনীর কাছে একটা বড় সাফল্য।

# বাদ-পড়া মানুষের বিক্ষোভকে ‘দাঙ্গা’ বললেন মুখ্যমন্ত্রী

● *প্রথম পৃষ্ঠার পর*

এমন হুঁশিয়ারির পরেই পুলিশ বাড়তি তৎপর হয়। সুজাপুর, মোথাবাড়ির বিস্তীর্ণ প্রান্তে বৃহস্পতিবার রাতভর বাড়ি বাড়ি তল্লাশি চালায় পুলিশ। নির্বিচারে গ্রামের সাধারণ যুবকদের তুলে নিয়ে যাওয়া হচ্ছে জেরার নামে। একাধিক তল্লাট এখন রাতে যুবক-শূন্য হয়ে পড়েছে। এলাকায় পুলিশি তাণ্ডবে ছড়াচ্ছে আতঙ্ক।

অথচ আন্দোলনের নামে, জাতীয় সড়কে অবরোধে শামিল হওয়া বাহরুদ্দিন মোল্লা নামে প্রৌঢ়ার বক্তব্য, ‘‘আমরা কত পুরুষ ধরে এখানে আছি। নাম নেই ভোটার তালিকায়। তাহলে কি ভারতে থাকতে পারবো না আমরা? আশঙ্কিত সবাই। তাই সবাই আন্দোলনে যাতে ভোটার তালিকায় নাম ঢোকে। আর মুখ্যমন্ত্রী বলছে, আমরা দাঙ্গাবাজ! দাঙ্গা হচ্ছে এখানে? তাহলে ওঁর দলের লোকেরা কেন ছিল আমাদের সঙ্গে?’’

বুধবার সকাল থেকে কালিয়াচক-২ বিডিও অফিসের সামনে ১২ নম্বর জাতীয় সড়কে অবস্থান বিক্ষোভে শামিল হয়েছিলেন হাজার হাজার মানুষ। কালিয়াচক কলেজের অধ্যাপক থেকে শুরু করে সাধারণ মানুষজন, ছাত্ররাও শামিল হয়েছিলেন তাতে। ভর দুপুরে পিচ-গলা রাস্তাতেই খিচুড়ি রান্না করে রাস্তায় বসেই খেয়েছিলেন মানুষ। কোনোরকম উত্তেজনা ছিল না। সন্ধ্যার পরে উত্তেজনা বাড়ে। শাসক তৃণমূলের মদতপুষ্ট বাহিনীকেও তৎপর হতে দেখা যায়। বিডিও অফিসে প্রায় সাত ঘণ্টা আটকে থাকেন সাতজন জুডিশিয়াল অফিসার। পুলিশের লাঠিচার্জ থেকে বিডিও দপ্তরে গাড়িতে মানুষজনের আক্রান্ত হওয়া সব মিলিয়ে সেই উত্তেজনা বাড়ে রাতভর। সেই ঘটনাকেই বেমালুম মমতা ব্যানার্জি মালদহের ‘দাঙ্গা’ বলে দেগে দিয়েছেন। গোটা জেলায় বিবেচনাধীনের সংখ্যা ৮ লক্ষ ২৮ হাজার! মোথাবাড়ি কেন্দ্রে সেই সংখ্যা ৮৮হাজার! রতুয়ায় সেই সংখ্যা ১ লক্ষ ৮ হাজার। ফলে আতঙ্কিত মানুষের স্বাভাবিক ক্ষোভের বিস্ফোরণ ঘটছে। এদিনও সুজাপুর, মোথাবাড়ি, ইংরেজবাজারের একাধিক জায়গায় প্রতিবাদ বিক্ষোভ হয়েছে একটাই দাবিতে, ‘আগে ভোটার, তারপর ভোট!’ আর ভোটবাক্সে ফয়দা তুলতে যাকে সম্পূর্ণ সাম্প্রদায়িক কৌশলে ব্যবহার করতে চাইছে বিজেপি ও তৃণমূল।



*বরানগর বিধানসভা কেন্দ্রে বামফ্রন্টের সিপিআই(এম) প্রার্থী সায়নদীপ মিত্রকে জয়ী করার আবেদন জানিয়ে থিম সং প্রকাশের অনুষ্ঠানে প্রার্থী’র সাথে সুপ্রিয় দত্ত, ড. সৌমিক দাস। ছবি: অভিজিৎ বসু*

# বরানগরে প্রচারের থিম সং প্রকাশ

**নিজস্ব সংবাদদাতা: বরানগর, ৩ এপ্রিল–** বরানগর বিধানসভা কেন্দ্রে বামফ্রন্ট মনোনীত সিপিআই(এম) প্রার্থী সায়নদীপ মিত্রকে জয়ী করার আবেদন জানিয়ে নির্বাচনী প্রচারের থিম সং শুক্রবার বরানগরের শহীদ স্মৃতিভবনে প্রকাশ করা হলো। আনুষ্ঠানিকভাবে থিম সং প্রকাশ করে বক্তব্য রাখেন চলচ্চিত্রাভিনেতা সুপ্রিয় দত্ত, সঙ্গীতশিল্পী ও অধ্যাপক ড. সৌমিক দাস। প্রার্থী সায়নদীপ মিত্র শিল্পীদের অভিনন্দন জানিয়ে বক্তব্য রাখেন। এছাড়া ছিলেন বরানগর বিধানসভা নির্বাচনী কমিটির আহবায়ক শানু রায়। অনুষ্ঠান পরিচালনা করেন ডাঃ দীপ্তজিৎ দাস। থিম সং-এর কথা সুর এবং যন্ত্রে আছেন সুচন্দ্রিকা, সৌমজিৎ, প্রদীপ্ত, সৌর্য, সুমিত, কৌশিক এই ৬ শিল্পী। কোনোরকম পারিশ্রমিক না নিয়েই এই থিম সং প্রস্তুত করেছেন তাঁরা।

# জ্যোতি বসু কেন্দ্র, গণশক্তিকে অর্থ সাহায্য

**নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ৩ এপ্রিল–** মেডিকেল রিপ্রেজেন্টেটিভ আন্দোলনের নেতৃস্থানীয় সংগঠক, টালিগঞ্জ অঞ্চলে সিপিআই(এম)’র দীর্ঘদিনের ঘনিষ্ঠ পরিবারের সদস্য কৌশিক চক্রবর্তীর পুত্র ও পুত্রবধূ তাঁদের বিবাহ অনুষ্ঠানে গণশক্তি তহবিলে ১০হাজার টাকা এবং জ্যোতি বসু সমাজচর্চা ও গবেষণা কেন্দ্রের তহবিলে ১০হাজার টাকা আর্থিক সাহায্য করেছেন। এই অনুষ্ঠানে উপস্থিত সিপিআই (এম) কলকাতা জেলা সম্পাদক কল্লোল মজুমদারের হাতে তাঁরা এই অর্থের চেক দু’টি তুলে দেন।

# আইএসআই’র স্বাধিকার রক্ষায় বিক্ষোভ, অবস্থান

**নিজস্ব সংবাদদাতা : বরানগর, ৩ এপ্রিল–** ১৯৫৯ সালের আইএসআই আইন রক্ষা এবং ‘আইএসআই বিল, ২০২৫’ বাতিলের দাবিতে সোচ্চার হলেন প্রতিষ্ঠানের ছাত্র শিক্ষক কর্মী এবং প্রাক্তনীরা। কেন্দ্রীয় সরকার অধীন সংস্থা, ঐতিহ্যমণ্ডিত এবং ভারতবর্ষের গর্বের প্রতিষ্ঠান আইএসআই’র ছাত্র শিক্ষক কর্মী এবং প্রাক্তনীদের ডাকে বৃহস্পতিবার বরানগর বনহুগলীতে আইএসআই প্রধান ফটকের সামনে অবস্থান ও বিক্ষোভ হয়। সভায় বক্তব্য রাখেন সিপিআই(এম) নেতা ও বরানগর কেন্দ্রে বামফ্রন্ট প্রার্থী সায়নদীপ মিত্র সহ বিক্ষোভকারী সংগঠনগুলির নেতৃবৃন্দ। নয়া আইএসআই বিল বাতিলের দাবি তুলে বক্তারা বলেন, আইএসআই’র স্বায়ত্তশাসন খর্ব করে কেন্দ্রীয় সরকারের খবরদারি প্রতিষ্ঠার জন্য এই বিল আনা হয়েছে। আইএসআই একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান। আইএসআই’র রাশিবিজ্ঞানের ‘সংখ্যা’ পত্রিকা বিশ্বের সমস্ত বিশ্ববিদ্যালয়ে সমাদৃত। তবে শুধু আইএসআই নয়, দেশের সমস্ত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষাবিরোধী আক্রমণ নামিয়ে এনেছে কেন্দ্র। গবেষণার খরচ কমিয়ে দেওয়া হচ্ছে। গবেষকদের স্টাইপেন্ড বন্ধ করে দেওয়া হচ্ছে। আর্থিকভাবে পিছিয়ে পড়া মেধাবীদের আইএসআই’তে পড়ার সুযোগ থেকে বঞ্চিত করার জন্য ফি বৃদ্ধি করা হয়েছে। মুক্তচিন্তার স্বার্থে গবেষক অধ্যাপক এবং ছাত্র-ছাত্রীদের মধ্যে খোলাখুলি মতবিনিময় বন্ধে ছক কষা হচ্ছে। শিক্ষাঙ্গনে সুস্থ গণতান্ত্রিক পরিসর ধ্বংস করা হচ্ছে। বিজ্ঞানসম্মত গবেষণার পরিপন্থী পরিবেশ তৈরি করা হচ্ছে। পরিকল্পিতভাবেই দীর্ঘদিন এখানে কোনও অধিকর্তা রাখা হয়নি। বিজেপি’র সাংসদ জগন্নাথ সরকারের মন্তব্যের তীব্র ধিক্কার জানিয়ে বক্তারা বলেন, আইএসআই’র অবমাননা মানবো না।

# ডিএ অসঙ্গতি দূর করতে ফের চিঠি কো-অর্ডিনেশনের

**নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ৩ এপ্রিল–** ডিএ প্রদানের ক্ষেত্রে সরকারি আদেশনামার অসঙ্গতি দুর করতে ফের রাজ্যের অর্থ বিভাগের অতিরিক্ত মুখ্য সচিবকে চিঠি দিল রাজ্য কো-অর্ডিনেশন কমিটি। চিঠিতে ডিএ প্রদানের ক্ষেত্রে সরকারের চরম অসঙ্গতির কথা উল্লেখ করে বলা হয়েছে গত ২৬মার্চ অর্থ দপ্তরের আদেশনামায় বলা হয়েছে এআইসিপিআই অনুযায়ী জানুয়ারি ২০১৬সালের ডিসেম্বর থেকে ২০১৯ সালের ডিসেম্বর সময়কালে বকেয়া মহার্ঘভাতার ৩১মার্চ ২০২৬এর মধ্যে মিটিয়ে দেওয়া হবে। অর্থ দপ্তরের এই আদেশনামার ফলে রাজ্য সরকারের শ্রমিক কর্মচারী, শিক্ষক শিক্ষাকর্মী সহ পেনশনার মহলে চূড়ান্ত বিভ্রান্তি এবং ক্ষোভের সৃষ্টি হয়েছে। অর্থ দপ্তরের হিসাব অনুযায়ী প্রথম কিস্তির প্রদেয় অর্থ এই সময়কালে সামগ্রিক বকেয়া বলে ঘোষিত করা হলো কীনা তানিয়ে সংশয় দেখা দিয়েছে। এব্যাপারে রাজ্য কো-অর্ডিনেশন কমিটি অর্থ দপ্তরের সুস্পষ্ট অবস্থান প্রকাশ করতে অনুরোধ করেছে। একই সঙ্গে জিটিএ অধীনস্ত কর্মচারী, সরকারের অধীনস্ত বিভিন্ন বোর্ড, কর্পোরেশনের কর্মচারীদের এই সময়কালীন বকেয়া মহার্ঘভাতা প্রদানের প্রয়োজনীয় সদর্থক পদক্ষেপ নেবার কথা বলা হয়েছে।

# পাবেন না, নির্দেশ কমিশনের

● *প্রথম পৃষ্ঠার পর*

কংগ্রেসের সব নেতাই এখন সরকারি নিরাপত্তা নিয়ে ঘোরাফেরা করেন।

কমিশনের নিরাপত্তা প্রত্যাহার করে নেওয়ার সিদ্ধান্ত কেন? কমিশনের এক শীর্ষ আধিকারিকের কথায়, ‘‘প্রথমত বিপুল সংখ্যায় পুলিশকর্মীকে মুক্ত করে দেওয়া। একইসঙ্গে সরকারি নিরাপত্তা নিয়ে রাজনৈতিক দলের নেতারা এলাকায় যে ভয়ভীতি ছড়িয়ে প্রভাব তৈরি করতো তা যাতে না হয় সেই চেষ্টা।’’ তৃণমূল নেতাদের সরকারি নিরাপত্তাকর্মীরা দীর্ঘদিন একসঙ্গে থাকার ফলে দু’তরফের জটিল যোগসূত্রকে ছিন্ন করাও কমিশনের লক্ষ্য। কমিশন সূত্রে জানা গিয়েছে, তৃণমূল নেতাদের সঙ্গী হয়ে সরকারি পুলিশও তৃণমূল হওয়ার একাধিক নজির আছে। এভাবেই তৃণমূল নেতা অনুব্রত মণ্ডলের নিরাপত্তা কর্মী আয় বহির্ভূত কোটি টাকার সম্পত্তি করার নজির আছে।

কিন্তু রাজ্যে প্রশাসনের সাহায্য নিয়ে যেমন সরকারি নিরাপত্তা উপভোগ করেন তৃণমূল নেতারা, ঠিক তেমনই বিজেপি’র বহু নেতাই আধা সামরিক বাহিনী পরিবেষ্টিত হয়ে সরকারি নিরাপত্তা নিয়ে চলাফেরা করেন। কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তা প্রত্যাহার করা নিয়ে কোনও সিদ্ধান্ত কমিশন গ্রহণ না করা নিয়ে স্বাভাবিক প্রশ্ন উঠছে।

কমিশন সূত্রে জানা গিয়েছে, বৃহস্পতিবার থেকেই রাজ্য জুড়ে বেআইনি জমায়েতের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করা হচ্ছে। অনুমতি ছাড়া কোনও মিছিল, সভা বা জমায়েত করা যাবে না। যদি কেউ এই নির্দেশ অমান্য করেন, তাহলে সঙ্গে সঙ্গেই গ্রেপ্তার করা হবে বলে জানানো হয়েছে। এমনকি মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে আসার ক্ষেত্রেও আগে থেকে অনুমতি নেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক করার লক্ষ্যে কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে কলকাতা পুলিশের পক্ষ থেকে। কমিশন সূত্রে খবর, শুক্রবার সকাল থেকেই স্ট্র্যান্ড রোড এবং সিইও অফিস সংলগ্ন রাস্তা ফের সাধারণের জন্য খুলে দেওয়া হয়েছে। অন্যদিকে, বিএলও অধিকার রক্ষা কমিটি বা রক্ষা মঞ্চকে ঘিরেও কড়া সতর্কবার্তা দিয়েছে নির্বাচন কমিশন। সূত্রের দাবি, যদি তারা আবার কোনওভাবে মঞ্চ বেঁধে বিক্ষোভ দেখানোর চেষ্টা করে, তাহলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। এমনকি প্রয়োজনে সাসপেনশনের চিঠিও দেওয়া হতে পারে।

এদিনই কমিশন পূর্ব বর্ধমানের খণ্ডঘোষের যুগ্ম বিডিও জ্যোৎস্না খাতুনকে সাসপেন্ড করার সিদ্ধান্ত নিয়েছে। খণ্ডঘোষ কেন্দ্রের এআরও পদে কর্মরত যুগ্ম বিডিও-কে সাসপেন্ড করে তাঁর বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের তদন্ত করার নির্দেশ দিয়েছে কমিশন। খণ্ডঘোষের যুগ্ম বিডিও’র বিরুদ্ধে কমিশনের কাছে রাজ্যের শাসকদলের পক্ষে ভূমিকা পালন করার অভিযোগ জমা পড়েছিল। কমিশনের সিইও মনোজ আগরওয়াল তাঁর বিরুদ্ধে নির্বাচন কমিশনের কাছে শাস্তির সুপারিশ করে চিঠি পাঠায়। সেই সুপারিশকে কার্যকর করার জন্য রাজ্যের মুখ্যসচিবকে এদিন চিঠি পাঠায় কমিশন। একইসঙ্গে সাসপেন্ড হওয়ার যুগ্ম বিডিও’র পদে নতুন আধিকারিককে নিয়োগ করে শনিবার সকাল ১১টার মধ্যে কমিশনের কাছে রিপোর্ট পাঠাতে বলা হয়েছে।

# স্ট্র্যান্ড রোডে ১৬৩, বন্ধ থাকছে জেটি

**নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ৩ এপ্রিল–** মুখ্য নির্বাচন আধিকারিকের দপ্তর স্ট্র্যান্ড রোডে আসতেই অনির্দিষ্টকাল সময়ের জন্য বন্ধ করে দেওয়া হলো মিলেনিয়াম পার্ক। ওই এলাকায় যাতে কোনোরকম অশান্তি যাতে না হয় তাই জারি হলো ১৬৩ ধারা। আর এর জেরে সেখানকার মিলেনিয়াম পার্ক থেকে সেখানকার ব্যস্ততম শিপিং জেটিও বন্ধ করা হচ্ছে। ফলে হাওড়া ও কলকাতায় যাতায়াতের ক্ষেত্রে তৈরি হচ্ছে বড় সমস্যা। চরম ভোগান্তির শিকার হতে পারেন নিত্যযাত্রীরা।

মুখ্য নির্বাচন আধিকারিকের দপ্তরের স্থানান্তকরণ আগে হলেও ৩১ মার্চ তৃণমূল-বিজেপি’র কর্মী-সমর্থকদের মধ্যে প্রকাশ্য গন্ডগোলের জন্য কলকাতা পুলিশ দারুণ উদ্বিগ্ন। ৩০ মার্চ পুরুলিয়া সফর সেরে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক হিসাবে অভিষেক বন্দ্যোপাধ্যায় সিইও দপ্তরে যান। তিনি দাবি করেন, ফর্ম ৬-এর মাধ্যমে রাজ্যের ভোটার তালিকায় বহিরাগতদের ঢোকানো হচ্ছে। তিনি দলীয় কর্মীদের এই নিয়ে নজরদারি করতেও নির্দেশ দিয়েছিলেন।

এই ঘটনার পরদিন, ৩১ মার্চ সিইও দপ্তরে যান রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। অভিযোগ, সেই সময় পূর্ব মেদিনীপুরের এক বিজেপি নেতা ৪০০টি ফর্ম ৬ নিয়ে সিইও দপ্তরে নাকি ঢোকেন। তা নাকি ধরে ফেলেন শাসক দলের নেতা-কর্মীরা। তা নিয়ে সিইও দপ্তরের সামনে ধুন্ধুমার পরিস্থিতি তৈরি হয়। সেখানে থাকা গাড়ি-বাইক ভাঙচুরও হয়। দুই দলের প্রতিনিধিরা একে অপরকে স্লোগান দিতে থাকে। হেয়ার স্ট্রিট থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। তলব করা হয় কেন্দ্রীয় বাহিনীকেও। কিন্তু ওই ঘটনা সামলাতে দারুণ বেগ পেতে হয় কলকাতা পুলিশকে।

ওই ঘটনার জেরে জামিন অযোগ্য ধারায় মামলা রুজু হয়। তালিকায় রয়েছেন কলকাতা পৌরসভার ৩২ নম্বর ওয়ার্ডের শান্তিরঞ্জন কুণ্ডু, ৩৬ নম্বর ওয়ার্ডের শচীন সিং, মহম্মদ ওয়াসিম, মইদুল, চন্দ্রকান্ত সিং এবং মহম্মদ রিজওয়ানের বিরুদ্ধে সরকারি কর্মীদের কাজে বাধা এবং বেআইনি জমায়েতের অভিযোগ এফআইআর দায়ের হয়। ওই ঘটনার পরেই কমিশন সতর্ক হয়ে যায়। তার জেরেই স্ট্র্যান্ড রোড সংলগ্ন এলাকায় ১৬৩ ধারা জারি করা হয়। ফলে এবার মিলেনিয়াম পার্ক বন্ধ রাখতে হবে। বন্ধ থাকবে শিপিং জেটিও।

কলকাতা পুলিশের তরফে এই নিষেধাজ্ঞার কথা জানানো হয়েছে। কবে ফের মিলেনিয়াম পার্ক খুলবে, কবেই বা শিপিং জেটিতে জলযান পরিবহণ স্বাভাবিক হবে, তা এখনও স্পষ্ট নয়। জলপথে হাওড়া ও কলকাতাকে সংযুক্ত করে শিপিং জেটি। প্রতিদিন কমপক্ষে কয়েক হাজার যাত্রী যাতায়াত করেন। তাই স্বাভাবিকভাবে শিপিং জেটি বন্ধ হলে দারুণ বিপাকে পড়বেন নিত্যযাত্রী থেকে ব্যবসায়ীরা।

# দিল্লিতে হদিশ জাল টুথপেস্ট কারবারের

**নয়াদিল্লি, ৩ এপ্রিল–** রাজধানীর কাছেই বড়সড় জাল টুথপেস্ট তৈরির কারবার চলছিল বেশ রমরমিয়েই। কিন্তু পুলিশের অভিযানে তা ধরা পড়ল। শুক্রবার পুলিশ সূত্রে এমনটাই জানানো হয়েছে। সূত্রটি জানিয়েছে, দিল্লির খাঞ্জাচি এলাকায় ওই কারখানার মালিককেও হাতেনাতে পাকড়াও করেছে পুলিশ।

পুলিশের এক আধিকারিক এদিন জানিয়েছেন, বৃহস্পতিবার দিল্লির মহাবীর এলাকায় একটি বিশাল গুদাম ঘরে অভিযান চালিয়ে প্রচুর পরিমাণে মজুত থাকা জাল টুথপেস্ট এবং প্যাকেট তৈরির সরঞ্জাম উদ্ধার করেছে। দিল্লি পুলিশের এক শীর্ষ আধিকারিক একথা জানিয়ে বলেছেন, অভিযানে উদ্ধার হয়েছে কয়েক লক্ষ টাকার টুথ পেস্ট সহ বিভিন্ন সরঞ্জাম। খুবই অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে টুথপেস্টের মত গুরুত্বপূর্ণ জিনিস মজুত রাখা হয়েছিল। যা স্বাস্থ্যের পক্ষে খুবই ক্ষতিকর প্রভাব ফেলত পারত বলে তিনি জানিয়েছেন।

পুলিশের অভিযানের সময় ছ’জন শ্রমিক পেস্ট ভরার কাজ করছিলেন। পুলিশের জেরার মুখে শ্রমিকরা জানান, এই পেস্ট যে কারখানায় তৈরি হয়েছিল, তার মালিকের নাম হরি ওম মিশ্র। তার বাড়ি দিল্লির রোহিনী এলাকায়। ৫৮ বছরের মিশ্র লাইসেন্স এবং প্রয়োজনীয় নথিপত্র ছাড়াই একটি ভাড়া নেওয়া জায়গায় টুথপেস্ট তৈরির কারখানা এতদিন চালাচ্ছিলেন। প্রায় ১৩০ কেজি টুথপেস্ট ছাড়াও প্রায় প্যাকেট হয়ে থাকা ১ লক্ষ ৮০ হাজার টুথপেস্ট উদ্ধার হয়েছে। এছাড়াও উদ্ধার হয়েছে অন্তত ১০ হাজার খালি টিউব। - পিটিআই

# অনুদান বন্ধ, প্রতিবাদে এবার পথে নামবেন সংস্কৃতিকর্মীরা

**নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ৩ এপ্রিল–** কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে এবার সোচ্চার হলেন বাংলার নাট্যদল ও নাট্যকর্মীরা। বিগত ষাট বছর ধরে ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীনে সংস্কৃতি জগতের গুরুশিষ্য পরম্পরা ও অভিনেতা অভিনেত্রী, নৃত্য, সঙ্গীত, মূকাভিনয়, পুতুল নাচের শিল্পীদের ধারাবাহিক শিল্পকর্ম এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে কেন্দ্রীয় অনুদান দেওয়া হতো। বিগত কয়েক বছর ধরে লক্ষ্য করা যাচ্ছে এই অনুদান প্রাপ্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গের শিল্পীরা নানাভাবে উপেক্ষিত হচ্ছেন। এবার সেই সংখ্যাটা অনেক বৃদ্ধি পেয়েছে। বঞ্চিত নাট্যদল ও শিল্প জগতের বিশিষ্টরা সম্প্রতি এক কনভেনশনে মিলিত হয়ে ঐক্যবদ্ধ হয়ে আন্দোলনের সিদ্ধান্ত গ্রহণ করেন। এক, রাজ্যের সব রাজনৈতিক দলের কাছে এই বিষয়ে সরব হবার জন্য আবেদন করা হবে। দুই, রাজ্যের সাংসদদের এনিয়ে সংসদে আলোচনার জন্য দাবি জানানো হবে। তিন, আগামী ৯ এপ্রিল বিকাল চারটায় তপন থিয়েটার থেকে আকাদেমি মঞ্চ পর্যন্ত এক প্রতিবাদ মিছিল হবে।

সেই সিদ্ধান্তের কথা ঘোষণা করতে বৃহস্পতিবার কলকাতা প্রেস ক্লাবে জনাকীর্ণ সাংবাদিক সম্মেলনে উঠে আসে বঞ্চনার বিরুদ্ধে ঐক্যবদ্ধ সংগ্রামের আহ্বান। ঘোষণায় নাট্য পরিচালক ও অভিনেতা অরূপ রায় বলেন, কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপের ফলে সংস্কৃতি মন্ত্রকের নানা অনুদান বন্ধের ফলে সংস্কৃতির নানা অঙ্গন নৃত্য, মূকাভিনয়, পুতুল নাচ, চারুকলা ও নাটকের সঙ্গে যুক্ত মানুষরা আজ সঙ্কটের মুখে। কারণ এই অনুদানের উপর নির্ভর করে তাঁরা সৃজনকার্য এগিয়ে নিয়ে যেতেন। প্রবীণ অভিনেতা ও পরিচালক অসিত বসু বলেন, কোনও কারণ ছাড়া এভাবে অনুদান বন্ধ করার ফলে আমরা নানাভাবে সঙ্কটের মুখোমুখি। আবার বাতিলের কারণ স্পষ্ট করে উল্লেখ করলে আমাদের হয়ত সংশোধনের একটা রাস্তা খোলা থাকতো। শুধু আমাদের রাজ্যেই নয়, সারা দেশে বেছে বেছে বহু নাট্যদলের গুরুশিষ্য পরম্পরা ও অন্যান্য অনুদান এক কলমের খোঁচায় বাতিল হয়ে গেছে।

নাট্যকার নির্দেশক দেবাশিস মজুমদার জানান, আমরা শিল্পীরা তো জানতে চাইতেই পারি অনুদান বন্ধের ফলে উদ্বৃত্ত টাকাটা যাচ্ছে কোথায়? আমরা তো ভিক্ষা চাইছি না। রবীন্দ্রনাথের ‘পুরস্কার’ কবিতাটা স্মরণ করুন। বিকল্প থিয়েটারের মানুষ প্রবীর গুহ বলেন, আমরা লজ্জিত ও অপমানিত। আমরা কষ্ট করে থিয়েটারটা করতে জানি। আমাদের অনুদান না দেবার ভয় দেখিয়ে নিরস্ত করা যাবে না। নৃত্যশিল্পী সুতপা তালুকদার বলেন, কেন্দ্রের ভাবটা এমন যে এত বছর অনুদান দিলাম এবার নিজের পায়ে দাঁড়াও। আমরা নিজেদের যোগ্যতায় শিল্পকর্ম করি, এ বিষয়ে কোনও সন্দেহ নেই। সৌমিত্র বসু বলেন, আমরা যেচে অনুদান চাইনি। সংস্কৃতি মন্ত্রক বিজ্ঞাপন দিয়ে আমাদের আবেদন করতে বলে। সেই ভাবে এত বছর অনুদান পেয়ে আসছি। এখন কোনও কারণ ছাড়াই বাতিল করে দিলে চলবে না। অভিনেতা বিমল চক্রবর্তী বলেন, ভারত জনকল্যাণমূলক রাষ্ট্র, সরকারের দায়িত্ব সংস্কৃতির পৃষ্ঠপোষকতা করা। এখান থেকে সরে গেলে চলবে না। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন অভিনেতা সঞ্জীব সরকার সহ নাট্য ও নৃত্য জগতের বিশিষ্টজনেরা।

# কমরেড বনানী বিশ্বাসের জীবনাবসান

● *প্রথম পৃষ্ঠার পর*

হিসাবে নেতৃত্ব দিয়েছেন। পরপর তিনবারের রাজ্য সম্পাদক হিসাবে নির্বাচিত হয়েছেন। তারপর সংগঠনের সভাপতি নির্বাচিত হন। পরবর্তীকালে সর্বভারতীয় নেতৃত্ব হিসাবে সংগঠনকে এগিয়ে নিয়ে যেতে মুখ্য ভূমিকা নেন। আমৃত্যু তিনি সারা ভারত গণতান্ত্রিক মহিলা সমিতির প্যাট্রন ছিলেন। কমরেড বনানী বিশ্বাসের প্রয়াণে সিপিআই(এম) এবং সারা ভারত গণতান্ত্রিক মহিলা সমিতির নেতৃবৃন্দ শোক প্রকাশ করেছেন। তাঁকে শ্রদ্ধা জানিয়ে মহিলা আন্দোলনের প্রবীণ নেত্রী রেখা গোস্বামী বলেন, ‘দীর্ঘদিনের বন্ধুত্বে ছেদ পড়ল। ছাত্র রাজনীতি থেকে নারী আন্দোলনের প্রতিটি পর্যায়ে তাঁর বিচরণ পরিচিতির জগৎকে বড় করে তুলেছিল। মনুদির অভিভাবকসুলভ স্নেহ, ভালোবাসা কর্মীদের কাছে ছিল সম্পদ সমান।’

প্রয়াত নেত্রীর মরদেহ নিয়ে শনিবার সকাল ১০টা ২০ মিনিটে প্রথমে নিয়ে যাওয়া হবে লবণহ্রদ বিদ্যাপীঠে। তারপর ১১টা ২৫ মিনিটে সিপিআই(এম) কলকাতা জেলা দপ্তর প্রমোদ দাশগুপ্ত ভবনে নিয়ে আনা হবে। বেলা ১১টা ৫৫ মিনিটে সারা ভারত গণতান্ত্রিক মহিলা সমিতির রাজ্য দপ্তরে পৌঁছাবে তাঁর দেহ। সেখানে শ্রদ্ধা নিবেদনের পর মরদেহ নিয়ে যাওয়া হবে সিপিআই(এম) রাজ্য দপ্তর মুজফ্‌ফর আহমেদ ভবনে। শেষ শ্রদ্ধা জানাবেন পার্টির নেতৃবৃন্দ। এরপর মরণোত্তর দেহ দান হবে এনআরএস হাসপাতালে।

# বিশ্বে নজির এই স্বাস্থ্য মডেল

● *প্রথম পৃষ্ঠার পর*

ডিজিটাল স্বাস্থ্যব্যবস্থার ক্ষেত্রে কেরালা গোটা দেশকে দিশা দেখাচ্ছে। ‘ই-সঞ্জীবনী’ টেলিমেডিসিন প্ল্যাটফর্মের মাধ্যমে প্রান্তিক এলাকাতেও চিকিৎসার সুযোগ পৌঁছে গেছে। ওয়েনাড়ের এক বৃদ্ধ কৃষক মাধবন জানান, ‘‘আগে শহরে যেতে হত, এখন মোবাইলেই ডাক্তার দেখানো যায়।’’

সেকেন্ডারি ও টার্শিয়ারি স্তরের চিকিৎসা পরিকাঠামোতেও কেরালার বাম সরকার ব্যাপক ব্যয় করেছে। তিরুবনন্তপুরম, কোঝিকোড ও কোট্টায়ামের সরকারি মেডিক্যাল কলেজগুলিকে আধুনিক যন্ত্রপাতি, আইসিইউ বেড, অক্সিজেন প্ল্যান্ট, ডায়ালিসিস ইউনিট ও ট্রমা কেয়ারে সমৃদ্ধ করা হয়েছে। এগুলি এখন জটিল রোগের চিকিৎসার প্রধান কেন্দ্র হিসাবে কাজ করছে।

স্বাস্থ্য সূচকে এই পরিবর্তন স্পষ্ট। কেরালায় শিশুমৃত্যুর হার এখন আমেরিকার থেকে কম। মাতৃমৃত্যু কমানোর ক্ষেত্রেও কেরালা জাতীয় স্তরে শীর্ষে রয়েছে। ধারাবাহিক বিনিয়োগ, টিকাকরণ, পুষ্টি ও মাতৃসেবায় উন্নতির ফলে উচ্চ আয়ু ও নিম্ন জন্মহারের মতো দীর্ঘমেয়াদি সাফল্য এসেছে। স্বাস্থ্য খাতে মাথাপিছু ব্যয়ের (পার-ক্যাপিটা হেলথ এক্সপেন্ডিচার) নিরিখে কেরালা সমস্ত রাজ্যের থেকে এগিয়ে।

সংক্রামক ও অসংক্রামক– দু রকম রোগ নিয়ন্ত্রণে কেরালার সাফল্য নজর কেড়েছে। যক্ষ্মা নির্মূলে ধারাবাহিকভাবে জাতীয় পুরস্কার পেয়েছে কেরালা। ২০২৪-এ সব থেকে শক্তিশালী রোগ নজরদারি ও জনস্বাস্থ্য ব্যবস্থা থাকার বিশেষ স্বীকৃতি পেয়েছে এই রাজ্য। তিরুবনন্তপুরমের আঞ্চলিক ক্যানসার কেন্দ্রের ‘সার্ভি স্ক্যান’ উদ্যোগ বহু মহিলার ক্যানসার প্রাথমিক পর্যায়ে শনাক্ত করতে সাহায্য করেছে। একইভাবে উচ্চ রক্তচাপ, ডায়াবেটিসের মতো অসংক্রামক রোগের ক্ষেত্রেও বৃহৎ পরিসরে স্ক্রিনিং কর্মসূচি চালানো হয়েছে। এর ফলে রোগের প্রাথমিক পর্যায়ে চিকিৎসা শুরু করা সম্ভব হচ্ছে।

সরকারি স্বাস্থ্য পরিষেবার গুণগত মান বজায় রাখার ক্ষেত্রেও কেরালা দেশের মধ্যে শীর্ষে। জাতীয় মানদণ্ড অনুযায়ী স্বীকৃত স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যায় এরাজ্য সবার থেকে এগিয়ে রয়েছে। শহর ও গ্রাম দুই ক্ষেত্রেই পরিষেবার মান উন্নয়নে সমান গুরুত্ব দেওয়া হয়েছে। এই সাফল্যের মূল চাবিকাঠি শাসনব্যবস্থার বিকেন্দ্রীকরণ। পঞ্চায়েত স্তর থেকে শুরু করে রাজ্য স্তর সব জায়গায় তৃণমূল স্তরের পরিকল্পনা, তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ এবং মানুষের সক্রিয় অংশগ্রহণে জনস্বাস্থ্য ব্যবস্থা কাজ করছে।

গত এক দশকে কেরালার বাম সরকার দেখিয়ে দিয়েছে সঠিক নীতি, পর্যাপ্ত সরকারি ব্যয় এবং জনমুখী দৃষ্টিভঙ্গি থাকলে সরকারি স্বাস্থ্য ব্যবস্থাকেও বিশ্বমানের করা যেতে পারে। অসংখ্য মানুষের জীবনে এই পরিবর্তন শুধু উন্নত চিকিৎসার সুবিধা নয়, বরং নিরাপদ, মর্যাদাপূর্ণ ভবিষ্যতের নিশ্চয়তা।

# দরজা থেকে ফিরছেন হতাশ মানুষ

● *প্রথম পৃষ্ঠার পর*

পরিবারের সদস্যের প্রমাণ রয়েছে। সেখানে এক ভাইয়ের নাম রয়েছে। আর তিন ভাইয়ের নাম বিচারাধীন হয় কী করে? জোকার হাঁসপুকুর এলাকার বাসিন্দা ৭১ বছরের বৃদ্ধা তাহারুন বিবির নামটা তালিকায় মৃত হিসাবে দেখানো হয়েছে। এদিন তিনি তাঁর ছেলেকে নিয়ে জল ভবনে এসেছিলেন। প্রচণ্ড গরমে হাঁসফাঁস অবস্থা নিয়ে তিনি হতাশ হয়ে ফিরে গেছেন। এসআইআর নিয়ে নাম বাদ যাওয়ার এমনই আতঙ্ক, আশঙ্কা ও ক্ষোভের দিকগুলি এদিন ধরা পড়ল জল ভবনে ট্রাইব্যুনালের অফিসে। হাজার হাজার বৈধ ভোটারদের নাম বাদ যাওয়ার বিষয়টি অন্তত জানান দিচ্ছে সেসব সদিচ্ছার বালাই নেই কমিশনের। তালিকা থেকে নাম বাদ যাওয়া মানুষ হতাশায় এবং আতঙ্কে ভুগছেন। কবে থেকে ট্রাইব্যুনালের কাজ শুরু হবে। কীভাবে ভোটার তালিকা থেকে হারিয়ে যাওয়া নাম ফেরত পাওয়া যাবে তা নিয়েই মানুষ এখন দুশ্চিন্তায় রয়েছেন।


## CHANGE OF NAME/SURNAME

I, Mamtaj Bibi Molla, W/o Asraf Molla, D/o Soleman Sardar, resident of Vill. & P.O. Paikpara, P.S. Basirhat, Dist. North 24 Parganas (PIN–743422), hereby declare that in Voter ID No. CXW0119297, our names are incorrectly recorded as (my name) Mamtaj Bibi Mollya and (my husband’s name) Asraf Mollya. The correct names are (my name) Mamtaj Bibi Molla and (my husband’s name) Asraf Molla, referring to the same persons as per affidavit dated 02/03/2026 before Notary Public, Basirhat.

## নাম/পদবি পরিবর্তন

আমি, Alamgir, S/o Late Saiful Islam Mondal, R/o Vill & P.O. Mandra, P.S. Baduria, Dist- North 24 Parganas, west Bengal, এতদ্বারা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বসিরহাট, উত্তর ২৪ পরগনা আদালতের হলফনামাবলে ঘোষণা করছি যে বাদুড়িয়া থানার অধীনে J. L. No. 14, Mouza Ruedanga, Khatian No. 281-এর Land R.O.R.-তে আমার পিতার নাম ভুলক্রমে Saiful Mondal এবং আমার Aadhaar Card ( No. 668331649981)এ আমার পিতার নাম ভুলক্রমে Saiful Islam ছাপা হইয়াছে। Saiful Islam Mondal, Saiful Islam এবং Saiful Mondal হচ্ছে এক ও অভিন্ন ব্যক্তি।

## LOST

I, Subhash Chandra Biswas, S/o Lt. Tarini Kanta Biswas, R/o Tallitala Bye Lane, Bang Chatra Road, Ward No. 11, P.S. Kotwali, P.O. & Dist Cooch Behar, Lost my Fixed Deposit Certificate ( Total Amount 6 (Six) Lakhs) vide A/C No 4000121230132108- Amounting RS. 3,00,000.00 & A/C No. 4000121230132115 - Amounting RS. 3,00,000.00, which deposited at West Bengal Gramin Bank, Cooch Behar Branch and Subsequently Iregistered a General Diary for Issue Duplicate Certificate in my favour. The G.D.E. No. 858/26-Dated-14-02-26 of Kotwali Police Station.

MP BIRLA GROUP

## বিড়লা কর্পোরেশন লিমিটেড

সিআইএন: L01132WB1919PLC003334

**নিবন্ধিত অফিস:** বিড়লা বিল্ডিং, ৯/১, আর এন মুখোপাধ্যায় রোড, কলকাতা - ৭০০ ০০১

**ফোন:** ০৩৩-৬৬১৬ ৬৭৩০/৬৬০৩ ৩৪১০ **ফ্যাক্স:** ০৩৩-২২৪৮ ৭৯৮৮/২৮৭২

**ই-মেইল:** investorsgrievance@birlacorp.com, ওয়েবসাইট: www.birlacorporation.com

**শেয়ারহোল্ডারদের প্রতি বিজ্ঞপ্তি**

**১০০ দিনের অভিযান – “সক্ষম নিবেশক”**

এই মর্মে জানানো যাচ্ছে যে, ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (আইইপিএফএ)-এর ২৭ মার্চ, ২০২৬ তারিখের নির্দেশের ভিত্তিতে এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় (এমসিএ)-এর ১৬ জুলাই, ২০২৫ তারিখের পূর্ববর্তী নির্দেশনার ধারাবাহিকতায়, এবং আইইপিএফএ কর্তৃক পরিচালিত বৃহত্তর “নিবেশক শিবির” উদ্যোগের অংশ হিসাবে, বিড়লা কর্পোরেশন লিমিটেড (“কোম্পানি”) ১ এপ্রিল, ২০২৬ থেকে ৯ জুলাই, ২০২৬ পর্যন্ত দ্বিতীয় ১০০ দিনের অভিযান – “সক্ষম নিবেশক” শুরু করেছে।

এই অভিযানের সময়, যেসব শেয়ারহোল্ডারদের: কোম্পানির কাছে অপরিশোধিত / অনাদায়ী লভ্যাংশ (লভ্যাংশ) রয়েছে এখনও কেওয়াইসি তথ্য আপডেট করেননি ব্যাঙ্ক ম্যান্ডেট বা যোগাযোগের তথ্য আপডেট করা হয়নি তাদেরকে অনুরোধ করা হচ্ছে প্রয়োজনীয় তথ্য আপডেট করার জন্য।

শেয়ারহোল্ডারদের কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ)-এর কাছে তথ্য আপডেট করতে হবে: কেফিন টেকনোলজিস লিমিটেড ঠিকানা: সেলেনিয়াম বিল্ডিং, টাওয়ার-বি, প্লট নং 31 এবং 32, ফাইন্যান্সিয়াল ডিস্ট্রিক্ট, নানাকরামগুদা, ৫০০০৩২+৯৬৭৯৬১ ১০০০ শ্রীলিঙ্গামপাল্লি, হায়দরাবাদ, তেলেঙ্গানা – ইমেল: einward.ris@kfintech.com investorsgrievance@birlacorp.com শেয়ারহোল্ডাররা কে ওয়াই সি ফর্ম ডাউনলোড করতে পারবেন: কোম্পানির ওয়েবসাইট থেকে: https://birlacorporation.com/downloads.html আর টি এ ওয়েবসাইট থেকে: https://ris.kfintech.com/clientservices/investors/isrs.aspx

এই অভিযানটি পুনরায় চালু করা হয়েছে শেয়ারহোল্ডারদের বিনিয়োগ সুরক্ষিত রাখতে। সমস্ত যোগ্য শেয়ারহোল্ডারদের অনুরোধ করা হচ্ছে এই সুযোগটি গ্রহণ করতে। আপনার কে ওয়াই সি তথ্য আপডেট করলে: অনাদায়ী লভ্যাংশ সরাসরি আপনার কাছে পৌঁছাবে আপনার শেয়ার এবং লভ্যাংশ ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড অথরিটি (আইইপিএফএ)তে স্থানান্তর হওয়া থেকে রক্ষা পাবে।

এই ব্যবস্থা নেওয়া হচ্ছে কোম্পানিজ এক্ট, ২০১৩ এবং সংশ্লিষ্ট নিয়ম অনুযায়ী।

**দেরি করবেন না – অনুগ্রহ করে আপনার নথিপত্র ৯ জুলাই, ২০২৬-এর মধ্যে জমা দিন**

**বিড়লা কর্পোরেশন লিমিটেডের পক্ষে**

**মনোজ কুমার মেহতা**

**কোম্পানি সেক্রেটারি ও লিগ্যাল হেড**

**স্থান:** কলকাতা

**তারিখ:** ৩ এপ্রিল, ২০২৬